

বিএসইসি'র নতুন ওয়েবসাইট উদ্বোধন

২১ মার্চ ২০১৮ তারিখ বুধবার, বেলা ১২:৩০ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠানটির পুরাতন ওয়েবসাইটটিকে প্রতিস্থাপন করে দৃষ্টিনন্দন, ডাইনামিক এবং অধিকতর উন্নত তথ্য উপস্থাপন ব্যবস্থাসমৃদ্ধ একটি নতুন ওয়েবসাইট উন্মোচন করেছে, যেখানে পুরাতন ওয়েবসাইটটির সকল তথ্যও ভিন্ন আঙ্গিকে বিদ্যমান রয়েছে। কমিশনের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন নতুন ওয়েবসাইটটির আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। উক্ত অনুষ্ঠানে কমিশনের সম্মানিত কমিশনার প্রফেসর মো. হেলালউদ্দিন নিজামী, মো: আমজাদ হোসেন এবং ড. স্বপন কুমার বালা উপস্থিত ছিলেন। কমিশনের সকল নির্বাহী পরিচালক, পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক ও ব্যক্তিগত কর্মকর্তাসহ সকল গ্রেডের কর্মচারী অনুষ্ঠানটিতে উপস্থিত ছিলেন।



কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন উদ্বোধনী অনুষ্ঠানে তাঁর বক্তব্যে উল্লেখ করেন, কোন প্রতিষ্ঠানের ওয়েবসাইট প্রতিষ্ঠানটির ভাবমূর্তি উজ্জ্বল করতে এবং তথ্য প্রকাশের ক্ষেত্রে এক অনন্য মাধ্যম হিসাবে কাজ করে থাকে। কমিশনের নতুন ওয়েবসাইটটি পুরাতন ওয়েবসাইটটির সীমাবদ্ধতাগুলো দূরীভূত করে নতুনভাবে ডাইনামিক পদ্ধতিতে অধিকতর ব্যবহার উপযোগী তথ্য উপস্থাপনে কার্যকর ভূমিকা রাখবে। ওয়েবসাইটটির প্রস্তুতিতে অনেক পরিশ্রম করতে হয়েছে এবং অনেক সময়ও লেগেছে, তবে তা বাস্তবায়িত হওয়ায় তিনি সন্তুষ্টি প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে আরোও বক্তব্য প্রদান করেন কমিশনার প্রফেসর মো. হেলালউদ্দিন নিজামী, নির্বাহী পরিচালক ফরহাদ আহমেদ, মিসেস রুকসানা চৌধুরী, মো: সাইফুর রহমান, মো: আশরাফুল ইসলাম এবং পরিচালক রাজিব আহমেদ।